দৈনিক বাংলা

২০

তারিখ 13 MAY 1997
পৃষ্ঠা ৭ কলাম ৪

# চট্টগ্রাম ভার্সিটি সিন্ডিকেট নির্বাচনে গোলাপী প্যানেল সব আসনে জয়ী

**চট্টগ্রাম ব্যুরো ঃ** ১২ মে।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট শিক্ষক ক্যাটাগরির ৪টি, একাডেমিক কাউন্সিলের ৬টি এবং ফাইন্যান্স কমিটির ১টি পদের নির্বাচন গতকাল সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। নির্বাচনে মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত গোলাপী প্যানেল সবক'টি আসন লাভ করেছে।

আজ সিন্ডিকেটে শিক্ষক ক্যাটাগরির পদে নির্বাচিত হন অধ্যাপক আনোয়ারুল আজিম আরিফ, সহযোগী অধ্যাপক পদে অধ্যাপক ফওজুল আজিম, সহকারী অধ্যাপক পদে মোহাম্মদ জাকির হোসেন, প্রভাষক ক্যাটাগরিতে ফসিউল আলম; একাডেমিক কাউন্সিলের ৬টি পদে ডঃ মমতাজ উদ্দিন পাটোয়ারী, অধ্যাপক মফিজুর রহমান, ডঃ শাহীন আকতার, প্রভাষক খন্দকার ইশতিয়াক হোসেন, মোহাম্মদ মহিদুর রহমান, সহযোগী

(চ-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটি

(প্রথম পৃষ্ঠার পর)

অধ্যাপক লুৎফর রহমান এবং ফিন্যান্স কমিটিতে ডঃ মোহাম্মদ সালেহ উদ্দিন। নির্বাচনে, অপর প্রতিদ্বন্দ্বী দল ছিল বিএনপি এবং জামাত সমর্থিত সাদা প্যানেল। উল্লেখ করা যেতে পারে, দু'বছর পূর্বে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি এবং সিন্ডিকেট নির্বাচনেও গোলাপী প্যানেল সবক'টি ভোটে জয়ী হয়েছিল।